

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩

আগরতলা, ৪ এপ্রিল, ২০২৬

ত্রিপুরা হাইকোর্টের হাইকোর্ট ডে অনুষ্ঠানে রাজ্যপাল



আজ সন্ধ্যায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু হাইকোর্ট চত্বরে আয়োজিত ত্রিপুরা হাইকোর্টের হাইকোর্ট ডে অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এম.এস. রামচন্দ্র রাও রাজ্যপালকে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি. অমরনাথ গৌড়, বিচারপতি এস. পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত, অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের বিচারপতি রঘুনন্দন রাও, রাজ্যের মুখ্যসচিব জে. কে. সিনহা অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।
